

অফিস আদেশ

কর্তৃক

মেজর জেনারেল মোঃ মাহবুব-উল আলম, বিএসপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল, পিএইচডি  
ভাইস-চ্যান্সেলর, বিইউপি

স্থানঃ মিরপুর সেনানিবাস	রোজঃ বুধবার	তারিখঃ ৩১ জুলাই ২০২৪
-------------------------	-------------	----------------------

৪৬৫/২০২৪ বিইউপি তথ্য অধিকার কমিটি পুনর্গঠন

বরাত:

ক। বিইউপি, অফিস আদেশ নং-৭৭/২০২৪ তারিখ ২৪ জানুয়ারি ২০২৪।

১। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এ তথ্য অধিকার নিশ্চিতকরণ ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্ভুক্ত তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে বরাত পত্র ‘ক’ এর মাধ্যমে গঠিত কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

ক্রমিক	নাম, পদবি ও দপ্তর (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটিতে দায়িত্ব
১।	চিফ, পাবলিক রিলেশন্স, ইনফরমেশন অ্যান্ড পাবলিকেশন্স, বিইউপি	সভাপতি
২।	অতিরিক্ত পরিচালক মোঃ জাহাঙ্গীর কবীর, পিআরআইপি, বিইউপি	সদস্য
৩।	সহকারী পরিচালক তোফায়েল আহমেদ, ফোকাল পয়েন্ট, এপিএ সেল, বিইউপি	সদস্য
৪।	প্রভাষক মোঃ নাফিজুর রহমান, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ, বিইউপি	সদস্য
৫।	প্রভাষক আল্লাতুল বাকিয়া জেনি, সমাজবিজ্ঞান বিভাগ, বিইউপি	সদস্য
৬।	প্রভাষক মোঃ আল-আমিন-রাবিব, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, বিইউপি	সদস্য
৭।	সহকারী প্রোগ্রামার প্রলয় মুখার্জী রতন, পিআরআইপি, বিইউপি	ফোকাল পয়েন্ট
৮।	প্রশাসনিক কর্মকর্তা মোঃ ওসমান গনি, পিআরআইপি, বিইউপি	বিকল্প ফোকাল পয়েন্ট
৯।	১ X সহায়তাকারী, ফোকাল পয়েন্ট এর দপ্তর হতে	সহায়তাকারী

২। কমিটির কার্যপরিধি:


ক। এপিএ’র অন্তর্ভুক্ত তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন, বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক ভিত্তিতে প্রস্তুত এবং প্রমাণকসহ এপিএ টিম, ইউজিসিতে প্রেরণ ও ইউজিসির ফিডব্যাক সভায় উপস্থাপন।

খ। নিয়মিতভাবে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রণয়ন, সংশোধন, পরিমার্জন ও ওয়েবসাইটে হালনাগাদকরণ।

গ। নিয়মিতভাবে প্রতিষ্ঠানের সকল দপ্তরের তথ্যের ক্যাটাগরি/ইনডেক্স প্রণয়ন, সংশোধন, পরিমার্জন ও ওয়েবসাইটে হালনাগাদকরণ।

ঘ। তথ্য অধিকার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করণের লক্ষ্যে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী/শিক্ষার্থীদের মাঝে প্রচার কার্যক্রম গ্রহণ; এবং

ঙ। তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট প্রণয়ন ও এপিএ টিমের মাধ্যমে বাজেট শাখায় প্রেরণ।



মোঃ আলমঙ্গীর হোসাইন  
লে. কর্নেল  
পক্ষে রেজিস্ট্রার